দৈনিক সংবাদ

তারিখ 13 JUL 1995
পৃষ্ঠা 2 কলাম 6

211

# ঢাঃ বিঃ সিনেটে নির্বাচিত রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের সংবর্ধনা

(নিজস্ব বার্তা পরিবেশক)

মুক্তিযুদ্ধ স্মৃতিরক্ষা পরিষদ আয়োজিত ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে নির্বাচিত রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধিদের সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে বক্তারা দেশে মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়নের জন্য স্বাধীনতার পক্ষের সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন। তারা বলেন, একাত্তরে যেমন পুরো জাতি ঐক্যবদ্ধ হয়েছিল বলে সফল হয়েছিল মুক্তিযুদ্ধ, এবারও মুক্তিযুদ্ধবিরোধী শক্তিকে নির্মূল করার ক্ষেত্রে ঐক্যের কোন বিকল্প নেই।

গতকাল বুধবার বিকেলে রাজমনি ঈশা খাঁ হোটেলে আয়োজিত এ অনুষ্ঠানে ওবায়েদ উল্লাহর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী, বিশেষ অতিথি ছিলেন মুক্তিযোদ্ধা আহসান উল্লাহ মনি। বক্তৃতা করেন এডভোকেট সৈয়দ রেজাউর রহমান, বজলুর রহমান, আবু তাহের, অধ্যাপিকা রওশন আরা, গাজী আবদুল হাই, খান মোঃ টিপু সুলতান, রফিকুল ইসলাম, ডঃ আনোয়ার হোসেন প্রমুখ। সংবর্ধিত সিনেটরদের মধ্য থেকে বক্তৃতা করেন ম আখতারুজ্জামান, মাহফুজা খানম, ইসমত কাদির গামা, ওজায়ের ফারুক ও হারুন-উর-রশিদ।

নির্বাচিত সিনেটররা তাদের বিজয় এবং স্বাধীনতার পক্ষের শক্তির বিজয় বলে অভিহিত করেন।

সবশেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।